চার জেলায় দক্ষ জনশক্তি গড়ছে শিরোপা ডেভলপমেন্ট সোসাইটির ‘রেইজ’ প্রকল্প

মেহেরপুর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া ও ঝিনাইদহ এই চার জেলায় দক্ষ জনশক্তি গড়ে তুলতে ‘রেইজ’ প্রকল্পের আওতায় কাজ করে যাচ্ছে শিরোপা ডেভলপমেন্ট সোসাইটি।

বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) সহযোগিতায় বাস্তবায়িত রিকভারি অ্যান্ড অ্যাডভান্সমেন্ট অব ইনফরমাল সেক্টর এমপ্লয়মেন্ট (RAISE) প্রকল্পের মাধ্যমে কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা ও ঝিনাইদহ জেলায় পিছিয়ে পড়া তরুণদের স্বাবলম্বী করে তুলছে শিরোপা ডেভলপমেন্ট সোসাইটি।

প্রকল্পটির মাধ্যমে শতভাগ ও প্রায় শতভাগ কর্মসংস্থান নিশ্চিত করে সংশ্লিষ্ট এলাকাগুলোতে বেকারত্ব হ্রাসে একটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করা হয়েছে।

রবিবার সকালে মেহেরপুরের মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স পর্যটন মোটেলে এ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিরোপা ডেভলপমেন্ট সোসাইটির নির্বাহী পরিচালক শহিদুল ইসলাম। তিনি বলেন, পিছিয়ে পড়া তরুণদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করাই রেইজ প্রকল্পের মূল লক্ষ্য। এ প্রকল্পের মাধ্যমে তরুণরা আত্মনির্ভরশীল হয়ে সমাজ ও দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিরোপা ডেভলপমেন্ট সোসাইটির উপ-সমন্বয়কারী (অগ্রসর) রাশেদ। তিনি বলেন, এই প্রকল্পের মাধ্যমে কেবল কারিগরি দক্ষতাই নয়, তরুণদের জীবনদক্ষতা ও কর্মক্ষেত্রের উপযোগী করে গড়ে তোলার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিরোপা ডেভলপমেন্ট সোসাইটির রেইজ প্রকল্পের প্রতিনিধি জিল্লুর রহমান সিদ্দিকী।

এছাড়াও উপস্থিত ছিলেন মাস্টার ক্রাফটস পারসন উৎপল হালদার। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রেইজ প্রকল্পের ইমপ্লয়মেন্ট সাপোর্ট অফিসার সবুজ হোসাইন।

সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন, এই উদ্যোগের মাধ্যমে স্থানীয় পর্যায়ে দক্ষ জনশক্তি তৈরি হবে, যা দীর্ঘমেয়াদে দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

মেহেরপুরে পৃথক অভিযানে অবৈধ ইটভাটার ৫ লাখ টাকা জরিমানা

মেহেরপুরে অবৈধ ইটভাটার বিরুদ্ধে পৃথক ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে গাংনী উপজেলার বামন্দী এলাকায় অবস্থিত আরএফএল ব্রিকসে ১ লক্ষ ও সদর উপজেলার সুবিদপুর এলাকার খান ব্রিকস এবং মুজিবনগর উপজেলার জবা ব্রিকস ইটভাটায় ৪ লাখ টাকা মোট ৫ লাখ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

আজ শনিবার সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেনের নেতৃত্বে আরএফএল ব্রিকসে ফিক্সড চিমনি ব্যবহার এবং জ্বালানি হিসেবে কাঠ ব্যবহারের অপরাধে ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯)-এর ৬/১৬ ধারায় প্রতিষ্ঠানটিকে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

এদিকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আবীর আনসারী এবং জয়া ধর মুমুর নেতৃত্বে মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর এলাকার খান ব্রিকস এবং মুজিবনগর উপজেলার জবা ব্রিকস নামক ইটভাটায় কোনো ধরনের লাইসেন্স বা অনুমোদন ছাড়াই ইট প্রস্তুতের উদ্দেশ্যে মাটি কেটে ব্যবহার করছিল, যা ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩-এর ৫ নং ধারার লঙ্ঘন। আইন লঙ্ঘনের দায়ে ওই দুইটি ইটভাটাকে মোট ৪ লাখ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে, পরিবেশ সংরক্ষণ ও আইন শৃঙ্খলা বজায় রাখতে অবৈধ ইটভাটার বিরুদ্ধে এ ধরনের অভিযান

মুজিবনগরে ইটভাটা থেকে ট্রাক্টর চুরি

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজার সংলগ্ন অবস্থিত বিবিই ইটভাটা প্রাঙ্গন থেকে একটি ট্রাক্টর চুরির ঘটনা ঘটেছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে এ চুরির ঘটনা ঘটে। ভাটার মালিক ফজলু মিয়া জানান, ইটভাটার সিসিটিভি ফুটেজে দেখা গেছে—কালো কাপড় দিয়ে মুখ বাঁধা, জিন্স ও শার্ট পরিহিত এক ব্যক্তি ট্রাক্টরটি চালিয়ে নিয়ে যায়।

চুরি হওয়া ট্রাক্টরের ইঞ্জিনটি লাল রঙের মাহিন্দ্রা কোম্পানির এবং এর সঙ্গে সংযুক্ত ট্রলিটি হলুদ রঙের। ট্রাক্টরটির আনুমানিক বাজারমূল্য প্রায় ৮ লক্ষ টাকা বলে জানান ভাটার মালিক।

এ ঘটনায় তিনি সংশ্লিষ্ট থানায় অভিযোগ দায়েরের প্রস্তুতি নিচ্ছেন।

মুজিবনগরে এক ইটভাটাকে ১ লাখ টাকা জরিমানা

ইটভাটায় নিষিদ্ধ ফিক্সড চিমনি ব্যবহার এবং জ্বালানি হিসেবে কাঠ ও লাকড়ি ব্যবহারের অভিযোগে মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নে এস আর বি ব্রিকস (শেখ রাজ্জাক ব্রিকস) নামের একটি ইটভাটার মালিককে ১ লাখ টাকা জরিমানা করা হয়েছে।

গতকাল সোমবার মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ওই ইটভাটায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযানে নেতৃত্ব দেন, জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জয়া ধর মুমু।

অভিযানকালে দেখা যায়, ইটভাটাটিতে নিষিদ্ধ ফিক্সড চিমনি ব্যবহার করা হচ্ছে। এছাড়াও জ্বালানি হিসেবে কাঠ ও লাকড়ি ব্যবহার করা হচ্ছিল, যা ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩-এর ৬ নম্বর ধারার স্পষ্ট লঙ্ঘন।

এ অভিযোগে ভাটা মালিককে একই আইনের ১৬ নম্বর ধারায় দোষী সাব্যস্ত করে ১ লাখ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

জেলা প্রশাসন জানিয়েছে, পরিবেশ সুরক্ষা ও আইন বাস্তবায়নে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

গণভোট উপলক্ষে মেহেরপুরে প্রশাসনের মাঠপর্যায়ের তৎপরতা

মেহেরপুরের বিভিন্ন উপজেলায় গণভোট উপলক্ষে আচরণবিধি প্রতিপালন, গণভোটের প্রচারণা এবং ভোটকেন্দ্র পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেছে জেলা প্রশাসন।

গাংনী উপজেলার মটমূড়া ইউনিয়নের ছাতিয়ান, আকুবপুর ও হোগলবাড়ীয়া এলাকায় সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেনের নেতৃত্বে আচরণবিধি প্রতিপালন, গণভোটের প্রচারণা এবং ভোটকেন্দ্র দর্শন কার্যক্রম পরিচালিত হয়।

এদিকে গাংনী উপজেলার পিরোজপুর ইউনিয়নে সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকার নেতৃত্বে আচরণবিধি প্রতিপালনে মনিটরিং ও গণভোটের প্রচারণা চালানো হয়। এ সময় কিছু নির্বাচনী প্রচারণামূলক পোস্টার পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে সেগুলো অপসারণ করা হয়।

অন্যদিকে জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব আবীর

আনসারি এর নেতৃত্বে মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের কোমরপুর এলাকায় গণভোটের প্রচারণা ও আচরণবিধি প্রতিপালন মনিটরিং করা হয়। অভিযানে আচরণবিধির ব্যত্যয় পরিলক্ষিত হওয়া মাত্রই সংশ্লিষ্টদের সতর্ক করা হয়।

একই উপজেলার মহাজনপুর ইউনিয়নের যতারপুর ও বাবুপুর গ্রামের বিভিন্ন স্থানে জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব জয়া ধর মুমু এর নেতৃত্বে গণভোটের প্রচারণা ও আচরণবিধি প্রতিপালনে মনিটরিং কার্যক্রম পরিচালিত হয়। সেখানেও আচরণবিধি লঙ্ঘনের চেষ্টা দেখা দিলে সংশ্লিষ্টদের সতর্ক করা হয়।

এছাড়াও জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব আরাফাত হোসেন এর নেতৃত্বে গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া, কুতুবপুর, ধলা, খাসমহল ও মাইলমারিসহ বিভিন্ন স্থানে নির্বাচনী আচরণবিধি প্রতিপালন নিশ্চিত করতে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে আচরণবিধির ব্যত্যয় পরিলক্ষিত হওয়া মাত্রই সংশ্লিষ্টদের সতর্ক করা হয়।

পাশাপাশি মেহেরপুর জেলার মান্যবর জেলা প্রশাসকের সদয় নির্দেশনায় গণভোটের প্রচারণা কার্যক্রম জোরদার করা হয় এবং কাথুলী ইউনিয়নের বিভিন্ন ভোটকেন্দ্র পরিদর্শন করা হয়।

জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, গণভোটকে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে এ ধরনের তদারকি কার্যক্রম অব্যাহত থাকবে।

ভোট প্রদানে বাধাসৃষ্টিকারীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে

মেহেরপুরের মুজিবনগরে গণভোট ২০২৬ উপলক্ষে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে প্রশাসনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল সাড়ে ১১টার সময় মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে

মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স মিনি সংসদ ভবনে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং কর্মকর্তা ড. সৈয়দ এনামুল কবীর বলেন, “আগামী জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটে আপনারা নির্বিঘ্নে অংশগ্রহণ করবেন। যার যার মতামত প্রদান করবেন। যদি কোনো রাজনৈতিক দল ভোটারদের ভোট দিতে বাধা দেয়, আমাদের জানান। আমরা তার বিরুদ্ধে কঠোরভাবে আইনগত ব্যবস্থা গ্রহণ করবো।”

এ সময় সকল ভোটারকে ভোট কেন্দ্রে গিয়ে নির্বিঘ্নে ভোট প্রদান করার পরামর্শও প্রদান করেন জেলা প্রশাসক।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদার সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন জেলা নির্বাচন অফিসার এনামুল হক, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাকির আহমেদ।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমানের সঞ্চালনায় গণভোট বিষয়ক প্রেজেন্টেশন উপস্থিত সকলের মাঝে তুলে ধরা হয়। এসময় আসন্ন গণভোট উপলক্ষে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তাদের মতামত ও পরামর্শ উপস্থাপন করেন।

মতবিনিময় সভায় সরকারি কর্মকর্তা, স্কুল ও কলেজের শিক্ষকগণ, মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিক, মসজিদের ইমাম, গির্জা ও মন্দিরের পুরোহিত, গ্রাম পুলিশ এবং সরকারি বিভিন্ন অফিসের সুবিধাভোগীগণ অংশগ্রহণ করেন।

গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব গাঁজা ও টাকাসহ আটক

মেহেরপুরের গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব শিশির আহমেদ শাকিলকে ১শ গ্রাম গাঁজা ও নগদ ৫৩ হাজার ১শ টাকাসহ আটক করেছে সেনাবাহিনী।

শনিবার রাতে তাকে আটক করা হয়। রবিবার সকালে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে বলে নিশ্চিত করেছেন গাংনী থানার

ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার রায়।

আটক ছাত্রনেতা শাকিল আহমেদ গাংনী পৌর বিএনপির সাধারণ সম্পাদক সাইদুল ইসলামের ছেলে।

ওসি উত্তম কুমার রায় জানান, তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে। এছাড়া তার কাছ থেকে উদ্ধার হওয়া ৫৩ হাজার ১০০ টাকার বিষয়ে তদন্ত চলছে।

মুজিবনগরে বালিবোঝায় ট্রাকের চাপায় পিষ্ট হয়ে মোটরসাইকেল আরোহী নিহত

মেহেরপুরের মুজিবনগরে বালি বোঝায় ট্রাকের চাপায় বাঁধন মন্ডল
(২৫) নামে এক মোটরসাইকেল আরোহীর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

শনিবার দুপুর আড়াইটায় মুজিবনগর উপজেলার ভবেরপাড়া–সোনাপুর সড়কের মধ্যবর্তী স্থানে, মৃত অনিল মন্ডলের বাড়ির সামনে এ দুর্ঘটনা ঘটে।

নিহত বাঁধন মন্ডল ভবেরপাড়া গ্রামের শিবাস্তিন মন্ডলের ছেলে।

স্থানীয়রা জানান, মুজিবনগরের ভবেরপাড়ার নিজ বাড়ি থেকে মোটরসাইকেল যোগে কেদারগঞ্জ বাজারের উদ্দেশ্যে যাচ্ছিলেন বাঁধন মন্ডল। পেছনদিক থেকে বালি বোঝাই ট্রাককে সাইড দিতে গেলে পাশে রাখা বালিতে সে পিছলে পড়ে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে গুরতর আহত হয়। তাকে উদ্ধার করে দ্রুত মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহিদুল ইসলাম জানান, সড়ক দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে ট্রাকটি আটক করে থানায় হেফাজতে নিয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[

বীর মুক্তিযোদ্ধা সাবদার আলীর দাফন

মেহেরপুরের মুজিবনগরে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান শেষে বীর মুক্তিযোদ্ধা সাবদার আলীর দাফন সম্পন্ন হয়েছে। বীর মুক্তিযোদ্ধা সাবদার আলী (৭৫) মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ঢোলমারী গ্রামের মৃত কুরন আলীর ছেলে।

তিনি বুধবার সন্ধ্যায় বার্ধক্যজনিত কারণে নিজ বাসভবনে ইন্তেকাল করেন।

বৃহস্পতিবার সকাল ১০টায় উপজেলার ঢোলমারী ঈদগাহ মাঠ প্রাঙ্গণে বীর মুক্তিযোদ্ধার মরদেহ জাতীয় পতাকা দ্বারা আচ্ছাদিত করে রাষ্ট্রীয় সম্মান প্রদান করা হয়।

এ সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদা, মুজিবনগর থানা তদন্ত অফিসার (ওসি) গৌতম কুমার এবং মুক্তিযোদ্ধারা মৃত বীর মুক্তিযোদ্ধা সাবদার আলীর মরদেহে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

পরে মেহেরপুর পুলিশ লাইনের একটি চৌকস পুলিশ দল মৃত বীর মুক্তিযোদ্ধাকে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করে। এ সময় বিউগলে করুণ সুর বেজে ওঠে।

গার্ড অব অনার প্রদান শেষে বীর মুক্তিযোদ্ধা সাবদার আলীর আত্মার মাগফিরাত কামনায় এক মিনিট নীরবতা পালন করা হয়। পরে ঢোলমারী কবরস্থানে তাকে দাফন করা হয়।

মরহুম বীর মুক্তিযোদ্ধা সাবদার আলীর জানাজা নামাজে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদা, বীর মুক্তিযোদ্ধা আফজাল হোসেন, লুৎফর রহমান, আয়ুব হোসেন, নায়েক আলী, সাবদার আলীসহ অন্যান্য বীর মুক্তিযোদ্ধা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।